

প্রেস রিলিজ

০৫ জানুয়ারি ২০২৬

উচ্চশিক্ষায় গুণগত মান নিশ্চিতকরণে বাউবিতে “আউটকাম-বেইজড এডুকেশন (OBE) কারিকুলাম ও বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক (BNQF) বাস্তবায়ন” বিষয়ক সেমিনার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সেল (আইকিউএসি)-এর আয়োজনে “আউটকাম-বেইজড এডুকেশন (OBE) কারিকুলাম প্রণয়ন, এক্রেডিটেশন ও বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক (BNQF) বাস্তবায়ন” শীর্ষক দিনব্যাপী এক সেমিনার আজ সোমবার (০৫ জানুয়ারি ২০২৬) বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রের (লেকচার গ্যালারীতে) অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথি ও মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। আইকিউএসি’র পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ওবায়দুল ইসলাম বলেন, “আধুনিক বিশ্বে উচ্চশিক্ষা এখন কেবল জ্ঞান বিতরণে সীমাবদ্ধ নয়; বরং এটি ফলাফলভিত্তিক, গুণগত মানসম্পন্ন ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত একটি প্রক্রিয়া। এই বাস্তবতায় বাউবি সমন্বয়যোগ্য পদক্ষেপ হিসেবে ফলাফল-ভিত্তিক শিক্ষা (OBE) ও বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো (BNQF) বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে। তিনি উল্লেখ করেন, OBE পদ্ধতির মাধ্যমে শিক্ষার্থীদের জ্ঞান, দক্ষতা ও মূল্যবোধ সুস্পষ্টভাবে নির্ধারিত হয়। পাঠদান ও মূল্যায়ন একটি সমন্বিত কাঠামোর আওতায় আসে, যা তাদের জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারে উপযোগী করে তোলে। একই সঙ্গে BNQF বাস্তবায়নের ফলে প্রোগ্রামগুলোর একাডেমিক স্বীকৃতি, ক্রেডিট ট্রান্সফার ও কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারিত হবে। এ ক্ষেত্রে মানসম্মত কারিকুলাম বাস্তবায়নে শিক্ষকদের পেশাগত দক্ষতা ও ইতিবাচক মানসিকতার ওপর তিনি বিশেষ গুরুত্বারোপ করেন”।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন। তিনি বলেন, “গুণগত শিক্ষা নিশ্চিত করতে OBE ও এক্রেডিটেশন ব্যবস্থা বাস্তবায়ন একটি সমন্বয়যোগ্য ও প্রয়োজনীয় উদ্যোগ, যা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমকে আরও আধুনিক ও আন্তর্জাতিক মানসম্পন্ন করে তুলবে”।

সেমিনারে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি)-এর বিজনেস এন্ড টেকনোলজি ম্যানেজমেন্ট বিভাগ-এর অধ্যাপক ড. মোঃ আবুল কালাম আজাদ। তিনি Outcome-based Education কারিকুলাম, Course Learning Outcome (CLO), Program Learning Outcome (PLO), অ্যাসেসমেন্ট ম্যাপিং এবং Continuous Quality Improvement (CQI) বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন।

অনুষ্ঠানটি সম্বলনা করেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক ড. মোঃ জাকির হোসেন তালুকদার। সেমিনারে বিভিন্ন স্কুলের ৯১ জন শিক্ষক অংশগ্রহণ করেন।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)